

## কালের কণ্ঠ

### ভ্যাট ফাঁকির পণ্য ধরতে গিয়ে ফেনসিডিলের চালান আটক

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

১০ নভেম্বর, ২০২০ ১৮:০৩ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট



অ- অ অ+

ভ্যাট ফাঁকির পণ্য ধরতে গিয়ে কুমিল্লায় ফেনসিডিলের চালান আটক করে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট। সোমবার গভীর রাতে নগরীর পদ্ময়ার বাজার এলাকায় মহাসড়কে ভ্যাট ফাঁকি দেওয়া পণ্যের গাড়ি যাচাই করার সময় শুকতারা মেসার্স ট্রান্সপোর্টের কাভার্ড ভ্যানটি আটক করে। গাড়িটির পণ্য পরিবহনের চালান না থাকায় ও গাড়িচালকের কথায় অসংলগ্নতা পরিলক্ষিত হওয়ায় গাড়িটি তল্লাশি করে বেশ কিছু কার্টন থেকে ৫৮১টি ফেনসিডিলের বোতল পাওয়া যায়। এ সময় গাড়ির চালক দৌড়ে পালিয়ে যায়।

মঙ্গলবার বিকেলে এক ব্রিফিংয়ে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কুমিল্লার কমিশনার মো. বেলাল হোসেন চৌধুরী বলেন, কাস্টমস ও ভ্যাট প্রিভেনটিভ টিম মহাসড়কে নিয়মিত টহল প্রদান করে আসছে। গত দুই মাসে প্রায় ৩০টির অধিক ট্রাক ও কাভার্ড ভ্যান নূসক ও শুল্ক ফাঁকিসহ চোরাচালানের পণ্য বহনের অভিযোগে আটক ও ১৮টি মামলা দায়ের করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যগুলো ইনভেন্ট্রি করে বর্তমান কাস্টমসের গুদামে জমা দেওয়া হয়েছে। পণ্যের বিষয়ে কাস্টম আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।